


রাজশাহীতে হাসপাতালের গাছ কাটা ও পাখি হত্যার প্রতিবাদে মানববন্ধন করা হয় -যাযাদি

# ছয় জেলায় প্রতিবাদী মানববন্ধন

■ স্বদেশ ডেস্ক

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল চত্বরে গাছ কেটে অর্ধশত পাখির ছানা হত্যা করার প্রতিবাদে মানববন্ধন করা হয়েছে। এছাড়া সাতক্ষীরার কালিগঞ্জ, মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ী, ঠাকুরগাঁওয়ের রাণীশংকৈল, পটুয়াখালীর দশমিনা এবং ঝালকাঠির কাঁঠালিয়ায় বিভিন্ন দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। আমাদের আঞ্চলিক অফিস ও প্রতিনিধিদের পাঠানো খবর-

রাজশাহী : রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল চত্বরে গাছ কেটে অর্ধশত পাখির ছানা হত্যা করার প্রতিবাদে মানববন্ধন করা হয়েছে। সোমবার নগরীর সাহেববাজার জিরোপয়েন্টে এ মানববন্ধনের আয়োজন করে পরিবেশবাদী কয়েকটি সংগঠন। মানববন্ধনে বক্তব্য রাখেন- রাজশাহী রক্ষা সংগ্রাম পরিষদের সাধারণ সম্পাদক জামাত খান, নদী ও পরিবেশ বাঁচাও আন্দোলনের সাধারণ সম্পাদক হোসেন আলী পিয়ারা, এলিযাবল ইয়ুথ ফর ইভুলেশন সংগঠনের সমন্বয়ক গোলাম নবী রনী, দিনের আলো হিজড়া সংঘের সভাপতি মোহনা, গ্রীন ভয়েসের আহ্বায়ক আব্দুর রহিম।

সাতক্ষীরা : সাতক্ষীরার কালিগঞ্জের চাম্পাফুল ইউনিয়নের চেয়ারম্যান মোজাম্মেল হক ও তার বাহিনী ভূমিহীন বিধবা জাহানারা খাতুনকে মারপিট এবং বাড়ি ভাঙচুর ও উচ্ছেদের প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। সোমবার সাতক্ষীরা প্রেসক্লাবের সামনে বারদহা ইউছুফপুর গ্রামবাসী ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি পালন করেন।

মাববন্ধনে বক্তব্য দেন ইউপি সদস্য আবুল কালাম গাজী, আশরাফ আলী, জাহানারা খাতুন, আবুল হোসেনসহ এলাকার শতাধিক নারী-পুরুষ উপস্থিত ছিলেন। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

টঙ্গিবাড়ী (মুন্সীগঞ্জ) : টঙ্গিবাড়ীতে হতদরিদ্রদের ৪০টি পরিবারের নামে বরাদ্দকৃত ১০ টাকা কেজি দরের চাল আত্মসাতের অভিযোগে দুই ইউপি সদস্যর বিচারের দাবি চেয়ে মানববন্ধন পালন করে স্থানীয় এলাকাবাসী। শনিবার উপজেলার বেতকা ইউনিয়ন পরিষদের কার্যালয়ের সামনে প্রায় দুই শতাধিক হতদরিদ্র পরিবার ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করে। এ সময় মানববন্ধনকারীরা দুই অভিযুক্ত ইউপি সদস্যকে আইনের আওতায় এনে কঠোর শাস্তির দাবি জানায়।

টঙ্গিবাড়ী ইউএনও হাসিনা আক্তার বলেন, চাল আত্মসাদের বিষয়ে আভিযোগ পেয়েছেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্ত চলছে।

রাণীশংকৈল (ঠাকুরগাঁও) : ঠাকুরগাঁওয়ের রানীশংকৈল উপজেলায় আসাদুল হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তারের দাবিতে মানববন্ধন হয়েছে। সোমবার উপজেলা পরিষদের সামনে এ মানববন্ধন হয়। এতে নিহতের পরিবারের সদস্য, সামাজিক অঙ্গসংগঠনের নেতৃবৃন্দসহ এলাকাবাসী অংশ নেয়। মানববন্ধন চলাকালে বক্তব্য দেন- ঠাকুরগাঁও-৩ আসনের সাবেক এমপি ইয়াসিন আলী, জেলা ওয়ার্কাস পার্টির সাধারণ সম্পাদক ফয়জুল ইসলাম, ওয়ার্কাস পার্টির পীরগঞ্জ উপজেলা সভাপতি আবু জাহিদ জুয়েল, আওয়ামী লীগ নেতা খোরশেদ আলম মোল্লা, নারীনেত্রী কাজী সোনিয়া প্রমুখ।

দশমিনা (পটুয়াখালী) : পটুয়াখালীর দশমিনা উপজেলা সদরের একটি সড়ক নির্মাণে অনিয়ম ও দীর্ঘদিন কাজ ফেলে রাখার প্রতিবাদে মানববন্ধনসহ বিক্ষোভ মিছিল করেছে বিক্ষুব্ধ এলাকাবাসী। সোমবার উপজেলা সদরের সোনালী ব্যাংক-সংলগ্ন ওই সড়কে এ কর্মসূচির আয়োজন করে বিক্ষুব্ধ এলাকাবাসী। এতে শতাধিক লোক অংশগ্রহণ করে।

মানববন্ধনে বক্তব্য রাখেন- জালাল মোল্লা, দুলাল সরদার, আবুল কাশেম, সাকিব ও মাইনউদ্দিন ভূঁইয়া প্রমুখ।

কাঁঠালিয়া (ঝালকাঠি) : ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় কচুয়া বাজারে দক্ষিণ এবং পশ্চিম অঞ্চলের যোগাযোগের পটুয়াখালী, বরগুনা, বেতাগী, ভান্ডারিয়া, পিরোজপুর, খুলনা, যশোর সড়কে কাঁঠালিয়ার কচুয়ায় বিষখালী নদীতে ফেরির দাবিতে সোমবার সামাজিক সংগঠন নাগরিক ফোরামের উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মানববন্ধনে বক্তব্য রাখেন- চেয়ারম্যান মাহামুদ হোসেন রিপন শৌলজালিয়া ইউনিয়ন পরিষদ, এস. এম আমিনুল ইসলাম লিটন সিকদার সদস্য জেলা পরিষদ ঝালকাঠি ও প্রধান শিক্ষক কচুয়া মাধ্যমিক বিদ্যালয়, ইউপি সদস্য আব্দুল সৈয়দ কাইউম, নাসির উদ্দীন আকাশ, মোশারফ হোসেন, সাংবাদিক রাজিব তালুকদার।

## ফুটবল টুর্নামেন্ট

■ আটপাড়া (নেত্রকোনা) প্রতিনিধি

নেত্রকোনার আটপাড়ায় উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মো. মিজানুর রহমান খান নন্দন। আরো উপস্থিত ছিলেন আটপাড়া থানার ওসি জাফর ইকবাল, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. আসাদুজ্জামান খান সোহাগ, আওয়ামী লীগ নেতা আব্দুস সেলিম মনি, ফুটবলার মো. তানভীর হাসান খান কামাল প্রমুখ।

## আলোচনা সভা

■ মাধবদী (নরসিংদী) প্রতিনিধি

নরসিংদীর মাধবদীর মেহেরপাড়া ইউনিয়নে জনসচেতনতা বাড়াতে এবং গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত আসামিদের পরিবারের সদস্যদের সঙ্গে আলোচনা সভা করেছেন পুলিশ সুপার আশরাফুল আজীম। রোববার ইউনিয়নের ৭নং বিট পুলিশের আয়োজনে অনুষ্ঠিত এ সভায় স্বাগত বক্তব্য রাখেন মাধবদী থানার ওসি মো. সৈয়দুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) এনামুল হক সাগর, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) শাহেদ আহমেদ।

BRAC BANK
আস্থা অবিচল

# ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার, ২২০/বি, তেজগাঁও লিংক রোড, ঢাকা-১২০৮

বন্ধকী সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা অনুসারে

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, **Mr. Mohammaed Salim (Main Applicant & Property Owner) & Mrs. Safia Rahman Anny (Co-Applicant & Property Owner)** Address: House No. 12, North Badda, Satarkul Road (G.M.Bary), Badda, Dhaka-1,212. এর নিকট ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর Loan বাবদ গত ০২.০৬.২০২১ তারিখ পর্যন্ত ১৬,৫৬,৮৫৯.০১ টাকা পাওনা রহিয়াছে। উক্ত ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের নিশ্চয়তা স্বরূপ তাহার নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি রেজিষ্ট্রিকৃত ২৮.০৬.২০১০ তারিখে বন্ধকী দলিল নং ৮৭৩০ এর মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিঃ. এর নিকট দায়বদ্ধ রাখিয়াছেন এবং একই তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত ৮৭৩১ নং আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়াছেন। ঋণ বাবদ পাওনা টাকা উক্ত ঋণ গ্রহীতা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ব্র্যাক ব্যাংক লিঃ পাওনা আদায়ের নিমিত্তে উক্ত বন্ধকী দলিল ও আম-মোক্তারনামা বলে তফসিল বর্ণিত বন্ধকী স্থাবর সম্পত্তি নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করিতেছে।

**SCHEDULE OF THE MORTGAGE PROPERTY**

All that piece and parcel of land measuring 0412 ajutansha or 2 Kathas 8 Chattak Situated within the District-Dhaka, P.S. Sabek - Gulshan Presently Badda, Sub-Registry Office: Badda, Under Dhaka Collectorate Touzi No. 1236, J.L. No. 292, Mouza- Sutivula, Khatian Nos. C.S.- 18/96, S.A.-18/kat, R.S.-279, D.P.-1831, Dag Nos. C.S. & S.A. - 51, R.S. - 93, D.P. - 540, Khatian No. 935(Ka), Dag No.48 & 240 Butted and bounded by; On the North: Abdul Baten Dag No. 541,On the South: Amin Uddin Dag No. 539,

**On the East:** Imam Saheb Dag No. 561 and On the West: 12 feet Road.

নিলামের শর্তাবলীঃ

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী ২৮-০৯-২০২১ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে।৩) প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২ নং শর্তে উল্লেখিত ঠিকানায় ব্র্যাক ব্যাংক লি: -এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪) অনূর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।৬) উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।৭) নিলামে অংশগ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহণের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার স্বাধিকার ব্র্যাক ব্যাংক লি: সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারণে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী ২৮-০৯-২০২১ ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২ নং শর্তে উল্লেখিত ব্র্যাক ব্যাংক লি: -এর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। ১০) সফল দরদাতাকে তফসিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত রেজিষ্ট্রেশন খরচ, হস্তান্তর ফি, ষ্ট্যাম্প ডিউটি, উৎস কর (প্রযোজ্য ক্ষেত্রে), অন্যান্য খরচ, দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন পাওনা বা দাবি থাকিলে তাহা বহন করিতে হইবে। রেজিষ্ট্রেশন খরচসহ বর্ণিত সকল খরচের বিষয়ে কোন অসদুপায় অবলম্বন করিলে উহার উদ্ভূত দায়-দায়িত্ব সংশ্লিষ্ট নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে। ব্র্যাক ব্যাংক কর্তৃপক্ষ কোনভাবে দায়ী থাকিবে না। ১১) বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের, বিসিক, সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ব্র্যাক ব্যাংক লিমিটেড এর উপর বর্তাইবেনা। উক্ত খরচ দরপত্র দাতা/ক্রেতা বহন করিবেন। ১২) সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে।

দরপত্র দাখিলের ঠিকানাঃ লিগ্যাল এন্ড রিকোভারী ডিভিশন, সেপাল প্লাটিনাম টাওয়ার, লেভেল-৪, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন নং-০১৩১৩-৪৩৯৩৭২, ০১৭১৪-০৮৪৫০৩।

যায়যায়দিন। ০৭/০৯/২০২১